

## চোখের বালি

অনেক বড় সামলে নিয়ে এখনও আমি পথের ধারে বসি  
এখনও আমি বিচার চাই প্রথম চুমু কার কারণেদোষী ?

প্রথামাফিক আষাঢ় এল, কদমফুলে ঠোঁট ছোঁয়ানোপাপ  
এখনও আমি বিচারচাই কবিতা লেখা শুধুই অভিশাপ ?

থরথরিয়ে চিবুক কাঁপে, দেখেছি তার কালো হরিণচোখ  
পরিষ্কার বলতে চাই---- সর্বনাশ, তুমি কাদের লোক ?

পুজোয় কারা মিরিক গেল চমৎকার লিরিকঘেরা থামে ?  
বিচার চাই বিচার চাই বৃষ্টি কেন আমার চোখে নামে ?

এখনও বুকে সামলে রাখি ষোলো বছর, হলুদ পাখি, গান  
এখনও আমি বিচার চাই ক্ষতিপূরণ পাবে না অভিমান ?

দিনবদল সামলে নিয়ে এখনও আমি ধুলোয় লিখি নাম  
ধুলোয় থাকে চোখের বালি ?

সবারকাছে বিচার চাইলাম...

বিভাসরায়চৌধুরী

